

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৯৫

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ আবৃ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুর বক্তব্য 'এক সা' খাদ্য দ্রব্য' দ্বারা উদ্দেশ্য হলো এক সা' গম

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ أَبِي سَعِيدٍ: صَاعًا مِنْ طَعَامٍ أَرَادَ بِهِ صَاعَ حنطةٍ

## আরবী

3295 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ فِيمَا انْتَخَبْتُ عَلَيْهِ مِنْ كِتَابِ الْكَبِيرِ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا ابْنُ عُلَيَّةَ عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ قَالَ: حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عُثْمَانَ بْنِ حَكِيمِ بْنِ حِزَامٍ عَنْ عِيَاضِ بْنِ عبد الله ابن حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الله ابن عبد الله ابن أَبِي سَرْحٍ قَالَ: قَالَ أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ \_ وَذَكَرُوا عِنْدَهُ صَدَقَةَ رَمَضَانَ \_ فَقَالَ: لَا أَخْرِجُ إِلَّا مَا كُنْتُ أُخْرِجُ فِي عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَاعَ تمرٍ أَوْ صَاعَ تمرٍ أَقْ صَاعَ شعيرٍ أَوْ صَاعَ أَقِطٍ فَقَالَ لَهُ رَجُلٌ مِنَ الْقَوْمِ: أَوْ مُدَين مِنْ قَمْحٍ؟ فَقَالَ: لَا تِلْكَ قِيمَةُ مُعَاوِيَةَ لَا أَقْبَلُهَا وَلَا أَعْمَلُ بِهَا

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3295 | خلاصة حكم المحدث: حسن صحيح دون قوله: ((أوصاع حنطة))؛ فإنه ليس بمحفوظ - ((ضعيف أبى داود)) (284).

## বাংলা

৩২৯৫. ইয়ায বিন আব্দুল্লাহ বিন সারহ থেকে বর্ণিত, তিনি বলেন, "লোকজন আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে রমযানের সাদাকাতুল ফিতরের কথা আলোচনা করলে, তিনি বলেন, "আমি সাদাকাতুল ফিতর সেই পরিমাণই বের করবো, যা আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সময়কালে বের করতাম। সেটা হলো এক সা' খেজুর, অথবা এক সা' গম, অথবা এক সা' যব, অথবা এক সা' পনির।" তখন এক ব্যক্তি বললেন, "গম অর্ধ সা' নয়?" জবাবে তিনি বলেন, "না, এটা মুআবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু মুল্য বিবেচনা করে করেছিলেন। আমি সেটা গ্রহণ করবো না, এবং তদনুযায়ী আমলও করবো না।"[1]



## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২৪১৯; নাসবুর রায়াহ: ২/৪১৮; সুনান বাইহাকী: ৪/১৬৫-১৬৬; দারাকুতনী: ২/১৪৫-১৪৬; আবূ দাউদ: ১৬১৬; হাকিম: ১/৪১১; নাসাঈ: ৫/৫৩; তাহাবী: ২/৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (যঈফ আবূ দাউদ:২৮৪)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইয়ায বিন আব্দুল্লাহ বিন সারহ (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন